দৈনিক জনকণ্ঠ

তারিখ 06.SEP.19[illegible]
পৃঃ ১২ কলাম 2

# জাবি শিক্ষক সমিতির ক্লাস বর্জনের সিদ্ধান্ত প্রত্যাহার ॥ বহিরাগতদের বহিষ্কার দাবি

**জাবি সংবাদদাতা ॥** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তাদের অব্যাহত ক্লাস বর্জনের সিদ্ধান্ত প্রত্যাহার করেছে। নৃ-বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপিকাকে লাঞ্ছিত করার ঘটনায় জড়িতদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবিতে তাঁরা গত ৩১ আগস্ট থেকে ক্লাস বর্জন করে আসছিলেন। চলতি ছাত্র আন্দোলনে সাধারণ ছাত্র ঐক্যের কয়েক জন ছাত্রছাত্রী উপাচার্যের সঙ্গে অশালীন, অশোভন আচরণ করায় শিক্ষক সমিতি তদন্তপূর্বক সংশ্লিষ্টদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং বিশ্ববিদ্যালয় হতে বহিষ্কৃত ছাত্রলীগ নেতা এবং বহিরাগতদের ক্যাম্পাস থেকে বহিষ্কারের দাবি জানিয়েছে।

শনিবার শিক্ষক লাউঞ্জে অধ্যাপক জসিম উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র জানায়, সভায় বক্তাদের মধ্যে প্রচণ্ড বাক-বিতণ্ডা শেষে নৃ-বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপিকা লাঞ্ছিত ঘটনার বিচারকে ইতিচাক বলে মনে করে কর্তৃপক্ষের ওপর সন্তোষ প্রকাশ করা হয়। চলতি ছাত্র আন্দোলনে সাধারণ ছাত্র ঐক্যের ব্যানারে কয়েকজন ছাত্রছাত্রী উপাচার্য অধ্যাপক আলাউদ্দিন আহমেদের সঙ্গে আশালীন, অশোভন আচরণ করায় শিক্ষক সমিতি তদন্তপূর্বক সংশ্লিষ্ট ছাত্রছাত্রীকে আগামী ১৩ সেপ্টেম্বরের মধ্যে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার এবং শুক্রবার তিন ছাত্রকে প্রহার ঘটনার সন্ত্রাসীদেরকে ক্যাম্পাস থেকে বহিষ্কারের দাবি জানিয়েছে। এছাড়াও শিক্ষক সমিতি ধর্ষণ ঘটনায় ছাত্রছাত্রীদের আন্দোলনে একাত্মতা ঘোষণা করে আগামী ১৩ সেপ্টেম্বর সকাল দশটা থেকে বেলা বারোটা পর্যন্ত কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নিয়েছে।